

জেলা

নজরবন্দী

নিহত জওয়ানের
পরিবারকে রাজ্য
দিল ৫ লক্ষ টাকা

■ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির ঘোষণা মতো নদীয়ার করিমপুরের অভয়পুর গ্রামের মাওবাদী হানায় হত অরূপ কর্মকারের পরিবারকে পাঁচ লক্ষ টাকা দেওয়া হল। শুক্রবার নদীয়ার জেলাশাসক সুমিত গুপ্তা বলেন, শুক্রবার অরূপ কর্মকারের বাবা অসিত কর্মকার ও তাঁর স্ত্রী চন্দনাদেবীর জয়েন্ট অ্যাকাউন্টে সেই টাকা দিয়ে দেওয়া হয়েছে। যদিও অসিত কর্মকার বলেন, করিমপুর-১ এর বিডিও সুরজিৎ ঘোষ আমাদের অ্যাকাউন্টে নম্বর নিয়ে বলেন খুব তাড়াতাড়ি মুখ্যমন্ত্রীর ঘোষণা মতো আপনারা টাকা পাবেন। শনিবার ব্যাঙ্কে গিয়ে খোঁজ নেব টাকাটা জমা পড়েছে কিনা। তবে প্রতিবেশীরা মুখ্যমন্ত্রীর ঘোষণা মতো চট জলদি টাকা দেওয়াতে প্রশংসা করেছেন। পাশাপাশি ঘটনার কথা জেনে মৃত সিআরপিএফ জওয়ানের মায়ের হাতে বীমার টাকা তুলে দিল ভারতীয় জীবন বিমা নিগম। শুক্রবার বিমা কোম্পানির আধিকারিকরা করিমপুরের অভয়পুরে শহীদ জওয়ান অরূপ কর্মকারের বাড়িতে যান।

২৮ জুলাই ২০১৭

